

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬২০

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১১৫. ঋতুবতী নারীর হায়েযের মেয়াদ পূর্ণ হওয়ার পর রক্ত নির্গত হলে।

بَابِ مَا جَاءَ فِي الْمُسْتَحَاضَةِ الَّتِي قَدْ عَدَّتْ أَيَّامَ أَقْرَائِهَا قَبْلَ أَنْ يَسْتَمِرَّ بِهَا الدَّمُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، أَنْبَأْنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ الْمُنْذِرِ بْنِ الْمُغِيرَةِ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ، حَدَّثَتُهُ اللَّهِ، عَنِ الْمُغيرةِ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ، حَدَّثَتُهُ أَنَّهَا، أَتَتْ رَسُولَ اللَّهِ عليه وسلم لله عليه وسلم فَقَالَ رَسُولُ اللَّهِ عَلِيه وسلم الله عليه وسلم عَرْقُ فَانْظُرِي إِذَا أَتَى قَرْقُكِ فَلاَ تُصلِي فَإِذَا مَرَّ الْقَرْءُ الْمَوْدُ إِلَى الْقَرْءِ ".

বাংলা

১/৬২০। ফাতিমা বিনত আবৃ হুবাইশ (রাঃ) হতে বর্ণিত যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট উপস্থিত হয়ে তার কাছে ঋতুস্রাব সম্পর্কে অভিযোগ করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তা এক প্রকার শিরাজনিত রোগ। সুতরাং তুমি লক্ষ্য রাখবে যে, তোমার হায়েযে শুরু হলে সালাত পড়বে না। হায়েযকাল উত্তীর্ণ হলে পর তুমি পবিত্রতা অর্জন করবে, অতঃপর দু হায়েযের মধ্যবর্তীকাল সালাত পড়বে।

English

It was narrated from 'Urwah bin Zubair that Fatimah bint Abi Hubaish narrated to him that:

She went to the Messenger of Allah and complained to him about bleeding. The Messenger of Allah said: "Rather that is a vein, so look and see when your period comes, then do not perform the prayer. When the period is over, then purify yourself and perform the prayer between one period to the next."

ফুটনোট



তাখরীজ কুতুবুত সিত্তাহ: নাসায়ী ৩৪৯, ৩৫৮, আবৃ দাউদ ২৮০, ২৮৬, ৩০৪, আহমাদ ২৬৮১৪, ২৭০৮৩-৮৪।

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ২৭২, ইরওয়াহ ২১১৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ফাতিমা বিনত আবু হুবায়শ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন